দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL. 2 0 1999
পৃষ্ঠা 22 কলাম 7

78

# রাজধানীর বিভিন্ন সরকারী কলেজে প্রফেসরদের প্রতিবাদ সমাবেশ

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** ক্যাডার বহির্ভূত শিক্ষকদিগকে বিধি বহির্ভূতভাবে ক্যাডার পদে পদায়নের প্রতিবাদ করে মন্ত্রণালয়ে স্মারকলিপি প্রদান করায় বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি প্রফেসর জাহানারা বেগম ও মহাসচিব প্রফেসর মোঃ কফিল উদ্দিনকে শিক্ষা সচিব কর্তৃক কারণ দর্শাও নোটিশ জারিতে ক্যাডার সদস্যগণের মধ্যে তীব্র ক্ষোভ ও প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। গতকাল (সোমবার) ঢাকা কলেজ, নায়েম, সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল কলেজ, বদরুন্নেসা কলেজ, বাংলা কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে তাৎক্ষণিকভাবে শিক্ষকদের প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তাগণ মন্ত্রণালয়ের একতরফা পক্ষপাতমূলক আচরণ ও নিবর্তনমূলক কর্মকাণ্ডের তীব্র ক্ষোভ প্রকাশ করেন।

শিক্ষকদের একটি প্রতিনিধি দল গতকাল (সোমবার) সকাল সাড়ে ১০টায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর নাইয়ার সুলতানার সাথে সাক্ষাৎ করে তাদের ক্ষোভ প্রকাশ করেন। তারা কারণ দর্শানোর নোটিশ প্রত্যাহার এবং ক্যাডারভুক্ত ও ক্যাডার বহির্ভূত শিক্ষকদিগকে আলাদাভাবে পদোন্নতি প্রদানের দাবী জানান। কারণ দর্শানোর নোটিশ প্রত্যাহার এবং পদোন্নতি প্রক্রিয়া চালু করা না হলে সমিতি ২২ জুলাই অনুষ্ঠিতব্য কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভায় কর্মসূচী গ্রহণে বাধ্য হবে বলে নেতৃবৃন্দ মহাপরিচালককে অবহিত করেন।